গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং ৪৭.০৩১.০১১.০০.০০.০০১.২০১০(অংশ-৩)/৫৯৯

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ) টি (এর মধ্যে ০২ টি পদ মুক্তিযোদ্ধা কোটায় পূরণকৃত) | ৫,৫০০-১২,০৯৫/- | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রধারী।<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ।<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। | ঢাকা, টাঙ্গাইল, চাঁদপুর, বগুড়া, রাজশাহী, নওগাঁ, যশোর, সিলেট (মুক্তিযোদ্ধা কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ০২। | অফিস সহাকারী কাম কম্পিঃ মুদ্রাঃ (অফিস সহকারী) | ০২ (দুই) টি | ৪,৭০০-৯,৭৪৫/- | ১৮-৩০ বৎসর | (ক) স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ. এস. সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারের ওয়ার্ড প্রসেসিং, সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, টাঙ্গাইল, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, বগুড়া, রাজশাহী, নওগাঁ, যশোর, সিলেট (মুক্তিযোদ্ধা কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ০৩। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ০১ (এক) টি (কেবল মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য) | ৪,৭০০-৯,৭৪৫/- | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক (HSC) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে Standard Aptitude Test for Data Entry Operator -এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে এবং বাংলা ও ইংরেজীতে টাইপের গতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | শুধু মুক্তিযোদ্ধা কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৪। | অফিস সহায়ক | ০৪ (চার) টি (এর মধ্যে ০১ টি পদ মুক্তিযোদ্ধা কোটায় পূরণকৃত) | ৪,১০০-৭,৭৪০/- | ১৮-৩০ বৎসর | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস. এস. সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, জয়পুরহাট, সিরাজগঞ্জ, খুলনা, যশোর, সুনামগঞ্জ (মুক্তিযোদ্ধা কোটার সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |

## শর্তাবলীঃ

০১। নির্ধারিত ফরমে আবেদনপত্র স্বহস্তে পূরণ করে আগামী ০১/০৬/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে উপ-সচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং- ৬২৯), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এ ঠিকানায় ডাকযোগে পৌছাঁতে হবে। খামের উপর নিজ জেলা, পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে 'মুক্তিযোদ্ধা কোটা' উল্লেখ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট (www.rdcd.gov.bd) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম (ফটোকপি গ্রহণযোগ্য) স্বহস্তে পূরণ করে আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সমূহের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামসহ সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।
খ) সকল শিক্ষাগতযোগ্যতা এবং অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি।
গ) একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র।

০২। প্রার্থীর বয়সসীমা ০১/০৬/২০১৫ খ্রিঃ তারিখে ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

০৩। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। ০১/০৬/২০১৫ তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপিও গ্রহণযোগ্য হবে না।

০৪। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উপযুক্ত প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৭। উপজাতি প্রার্থীকে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৮। আবেদন পত্রের সাথে উপ-সচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে উপরে বর্ণিত ক্রমিক নং ১-৩ এর জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ৪ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি পরীক্ষার ফি বাবদ (অফেরৎ যোগ্য) দরখাস্তের সাথে জমা দিতে হবে। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক কর্তৃক, ট্রেজারী চালান কোড নং-

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৩ | ৮ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ২ | ০ | ৩ | ১ |

চালান কপি (মূল কপি) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। লিখিত/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১০। মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১১। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। সরকারী নিয়োগ বিধি অনুযায়ী সকল কোটা (সংরক্ষিত জেলা কোটা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যাগণের (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সুনির্দিষ্ট প্রত্যয়ন পত্র দ্বারা সমর্থিত হতে হবে) কোটা, মহিলা কোটা, উপজাতীয় কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্যদের কোটা, এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের কোটা) ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। ক্রমিক নং- ১, ২ ও ৪ পদসমূহ "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" এবং ক্রমিক নং- ৩ এর পদটি "The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

মীনাক্ষী বর্মন
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
www.rdcd.gov.bd

৫ × ৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা তিন কপি)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | পদের নাম ঃ | | | | |
| ২। | বিজ্ঞপ্তির নম্বর ঃ | তারিখ ঃ | দিন | মাস | বৎসর |
| ৩। | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ | | | |
| ৪। | জাতীয় পরিচয় নম্বর ঃ | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | | |
| ৫। | জন্ম তারিখ ঃ | দিন | মাস | বৎসর | |
| ৬। | জন্ম স্থান (জেলা) ঃ | | | | |
| ৭। | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বৎসর | মাস | দিন | |
| ৮। | মাতার নাম ঃ | | | | |
| ৯। | পিতার নাম ঃ | | | | |

| | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০। | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্টকোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১। | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২। | জাতীয়তা ঃ | | ১৩। জেন্ডার (নারী/পুরুষ) ঃ |
| ১৪। | ধর্ম ঃ | | ১৫। পেশা ঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮। | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯। | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) ঃ |
| ২০। | চালান নম্বর ঃ | তারিখ ঃ | দিন / মাস / বৎসর | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১। | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ ঃ | দিন | মাস | বৎসর |
|---|---|---|---|

.................................
প্রার্থীর স্বাক্ষর